

এনইসি সভায় প্রধানমন্ত্রী  
খেলা উপলক্ষে  
হরতাল শিথিল হয়  
পরীক্ষায় হয় না

নিজস্ব প্রতিবেদক >

বাংলাদেশ ক্রিকেট দলের জয়ে বিজয় মিছিলের জন্য বিএনপির হরতাল শিথিল করার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'খেলা উপলক্ষে বিএনপি হরতাল প্রত্যাহার করতে পারে। কিন্তু ১৪ লাখ এসএসসি শিক্ষার্থীর পরীক্ষার জন্য হরতাল প্রত্যাহার হয় না। গতকাল মঙ্গলবার রাজধানীর শেরে বাংলানগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের সভায় (এনইসি) প্রধানমন্ত্রী এ কথা বলেন। বৈঠক সূত্রে এ তথ্য জানা গেছে। বৈঠক সূত্র জানায়, গতকাল এনইসি সভা শুরু হয় সকাল সাড়ে ৯টায়। ইংল্যান্ডের বিরুদ্ধে বাংলাদেশের স্বরণীয় জয় উপলক্ষে সভায় মন্ত্রিসভার সদস্য, প্রতিমন্ত্রী, সচিব, সাংবাদিকসহ সবাইকে বিরিয়ানি ও মিষ্টি খাওয়ান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সভায় বাংলাদেশ-ইংল্যান্ডের ম্যাচ নিয়ে ঘটাব্যাপী নানা বিশ্লেষণধর্মী আলোচনা হয়। অর্থমন্ত্রী, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী, সমাজকল্যাণমন্ত্রী, সংস্কৃতিমন্ত্রী ম্যাচের বিভিন্ন দিক নিয়ে মন্তব্য করেন। আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'মাশরাফি একজন দক্ষ অধিনায়ক। সে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারে। মুশফিক হেলেনটা খুবই স্ট্রিডি। সে প্রতিনিয়তই ভালো করেছে।' ইংল্যান্ডের বিরুদ্ধে চার উইকেট পেয়ে ম্যাচের অন্যতম নায়ক রুবেল প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, 'রুবেল দেশে ফিরে এলে তার জন্য কিছু করতে হবে।' তামিম প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, 'তাকে নিয়ে সবাই হতাশ হলেও আমি আশাবাদী।' একপর্যায়ে প্রধানমন্ত্রী ফ্লোড প্রকাশ করে বলেন, বিজয় মিছিল বের করতে বিএনপি হরতাল প্রত্যাহার করেছে। কিন্তু এসএসসি শিক্ষার্থীদের কথা বিবেচনা করে একবারের জন্যও হরতাল প্রত্যাহার করেনি। ওরা শিক্ষার্থীদের কথা ভাবে না। তাদের পড়াশোনাও করতে দেবে না বলে মন্তব্য করেন শেখ হাসিনা। চন্দ্রমান হরতাল-অবরোধ ও সহিংসতায় সবাইকে সতর্ক থাকার নির্দেশ দেন প্রধানমন্ত্রী। সভা শেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুহম্মদ কামাল সাংবাদিকদের বলেন, 'রুবেল এই বিশ্বকাপে অংশ নিতে পারবে কি না তা নিয়ে সবাই চিন্তার মধ্যে ছিল। প্রধানমন্ত্রীর নির্দেশে রুবেলের জন্য আইনি লড়াই করে তাকে বিশ্বকাপে অংশ নিতে অস্ট্রেলিয়ায় পাঠানো হয়েছে। সেই রুবেলের কারণে বাংলাদেশ কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করতে পেরেছে।'